



বাব আল-মান্দেব নিয়ন্ত্রণে নেওয়ার দাবি ইয়েমেনের সরকারি বাহিনীর



ছবি: সংগৃহীত

ইয়েমেনে ‘ডন অব ইয়েমেন’ সামরিক অভিযানের অংশ হিসেবে গুরুত্বপূর্ণ বাব আল-মান্দেব প্রণালির নিয়ন্ত্রণ নেওয়ার দাবি করেছে দেশটির সরকারি বাহিনী। হুতিদের কাছ থেকে এলাকাটি দখলে নেওয়া হয়েছে বলে জানিয়েছে তারা।

সোমবার (৫ অক্টোবর) ইয়েমেনের সেনাবাহিনী জানায়, সরকারি বাহিনীর হয়ে লড়াই করা সাউদার্ন জায়ান্টস ব্রিগেড ও নেশনস শিল্ড বাহিনী বাব আল-মান্দেবের নিয়ন্ত্রণ নিয়েছে। একই অভিযানে ধুবাব বিমানবন্দরও নিয়ন্ত্রণে নেওয়ার দাবি করা হয়েছে।

সামরিক মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল মাজিদ আবদুল্লাহ আল-নুজাইলি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া বিবৃতিতে জানান, ধুবাব ও মোক্কার মধ্যকার সড়ক যোগাযোগ বন্ধ করে দেওয়া হয়েছে। ধুবাব এলাকায় কয়েক শ হুতি যোদ্ধা ঘেরাও হয়ে পড়েছে দাবি করে তাদের আত্মসমর্পণের আহ্বান জানানো হয়েছে। পরে কয়েকজন নৌপথে পালিয়ে যায় বলেও জানান তিনি।

তবে সরকারি বাহিনীর এই দাবির বিষয়ে হুতিদের পক্ষ থেকে তাত্ক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

লোহিত সাগর ও এডেন উপসাগরের সংযোগস্থলে থাকা বাব আল-মান্দেব আন্তর্জাতিক বাণিজ্যের জন্য গুরুত্বপূর্ণ একটি নৌপথ। এই পথ দিয়েই বিপুলসংখ্যক বাণিজ্যিক জাহাজ চলাচল করে।